

# ডাকসু নির্বাচন : নারী ভোটারদের উপস্থিতি নজরকাড়া

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি : কালের কণ্ঠ

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল সংসদ নির্বাচনে নারী ভোটারদের ব্যাপক অংশগ্রহণ দেখা গেছে। টিএসসিতে অবস্থিত রোকেয়া হল কেন্দ্রে সকাল থেকেই নারী শিক্ষার্থীদের দীর্ঘ লাইন চোখে পড়েছে।

কেন্দ্রপ্রধান অধ্যাপক নাসরিন সুলতানা জানিয়েছেন, প্রথম এক ঘণ্টায়ই প্রায় ৭৬০ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করেছেন।

গড়ুন



দাউদকান্দিতে ইউপি চেয়ারম্যান শাহনাজ গ্রেগোর


তিনি বলেন, আমাদের কেন্দ্রে ১৯টি বুথে ভোটগ্রহণ চলছে।

এক ঘণ্টায় প্রতিটি বুথে গড়ে ৪০ জন ভোট দিয়েছেন। সেই হিসাবে বলা যায়, প্রথম ঘণ্টায় কেন্দ্রটিতে ৭৬০ জনের মতো ভোট দিয়েছেন।

তিনি আরো বলেন, আমাদের কেন্দ্রে যে ১৯টি বুথ রয়েছে, তাতে কোনোটায় ৩৬টি, আবার কোনোটিতে ৪৫টি ভোট পড়েছে। সবগুলো বুথের ভোটগ্রহণকে গড় করে আমাদের মনে হয়েছে, প্রতিটি বুথে ৪০ জন করে ভোট দিয়েছেন প্রথম এক ঘণ্টায়।

যদি এই ধারা বজায় থাকে, তবে নির্ধারিত সময়ের আগেই এই কেন্দ্রের ভোটগ্রহণ শেষ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন তিনি।

ন



কসমেটিক সার্জারি করতে গিয়ে নারীর মৃত্যু, প্লাস্টিক সার্জনদের জন্য নতুন নিয়ম জারি

এই কেন্দ্রে মোট ভোটার ৫৬৬৫ জন। এবারের ডাকসু নির্বাচনে মোট ভোটারের সংখ্যা প্রায় ৪০ হাজার। ভোটগ্রহণ শুরু হওয়ার আগে থেকেই টিএসসি কেন্দ্রের সামনে বিপুলসংখ্যক শিক্ষার্থী জড়ো হয়েছিলেন।

সকাল ৮টার আগেই দুই শতাধিক শিক্ষার্থীকে লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা যায়। সকাল পৌনে ৮টায় সাংবাদিকদের উপস্থিতিতে ভোটের বাস্তব সিলগালা করা হয় এবং সকাল ৮টা ৭

মিনিট থেকে ভোটারদের কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হয়।

ভোটগ্রহণ শুরু হয় ৮টা ১০ মিনিটে।

রোকেয়া হলের শিক্ষার্থী সাউদিয়া ইসলাম খান পাশা প্রথমবারের

মতো ডাকসু নির্বাচনে ভোট দিয়ে তার অভিজ্ঞতা প্রকাশ করেন।

তিনি বলেন, প্রথমবার ডাকসুর ভোট দিয়েছি।

অনেকটা এমসিকিউ পরীক্ষার মতো লাগছিল। এ জন্য একটু ভয়

কাজ করছিল। যদিও ভোট দেওয়ার জন্য যথেষ্ট সময় ছিল।